গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-৩শাখা
বাংলাদেশসচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ১৫০৯/১৬ এর বিপরীতে ১০.০২.২০১৬ তারিখের প্রদত্ত আদেশের পরিপ্রেক্ষিতে বেসরকারি হাসপাতালসমূহে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	মোঃ হাবিবুর রহমান খান অতিরিক্ত সচিব (হাসপাতাল)
সময় স্থানঃ	অতিরিক্ত সচিব মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-৩১৫, ভবন নং-৩)
সভার তারিখঃ	১৫/০৩/২০১৭ খ্রিঃ
সভার সময়ঃ	সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতিঃ	পরিশিষ্ট ‘ক’।

১.০.আলোচনাঃ

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ১৫০৯/১৬ এর বিপরীতে ১০/০২/২০১৬ তারিখের আদেশের প্রেক্ষিতে বেসরকারি হাসপাতালসমূহে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের লক্ষ্যে সভাটি আহবান করা হয়েছে মর্মে উল্লেখ করে এ বিষয়ে উপস্থিত সকলকে মতামত প্রদানের অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (হাসপাতাল) বেসরকারি হাসপাতালসমূহে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে নীতিমালা প্রনয়নের প্রেক্ষাপট সংক্ষেপেসভায় উপস্থাপন করেন।

১.২. যুগ্মসচিব (হাসপাতাল) বলেন, এ মন্ত্রণালয়ের ২৬/০১/২০১৭ তারিখের ৩৭ নং স্মারকে বেসরকারি হাসপাতালসমূহে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের লক্ষ্যে ০৪(চার) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটিকে একটি যুগোপযোগী খসড়া নীতিমালাপ্রণয়নপূর্বক দাখিল করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে।তিনি নীতিমালা প্রনয়নেউপস্থিত প্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন।

১.৩. পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর বলেন যে, বেসরকারী মেডিকেল কলেজ হাসপাতাল, অন্যান্য ক্লিনিক, ডায়াগনষ্টিক সেন্টার ও হাসপাতালে আঘাতপ্রাপ্ত জরুরী রোগীদের চিকিৎসাসেবা প্রদানে সব ধরণের ব্যবস্থা রাখার শর্তে লাইসেন্স প্রদান করা হয়। সকল সরকারি হাসপাতালে সড়ক দুর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী, ইনডোর এবং মেডিকেল কলেজ হাসপাতালে ক্যাজুয়ালটি বিভাগের মাধ্যমে সেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও ট্রমা সেন্টারের মাধ্যমে দূর্ঘটনায় আহত রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হয়।নীতিমালা সরকারি/বেসরকারি উভয় হাসপাতালের জন্য প্রণীত হওয়া আবশ্যক।

১.৪. লাইন ডাইরেক্টর,এন.সি.ডি.সি, স্বাস্থ্য অধিদপ্তর বলেন যে, স্বাস্থ্য অধিদপ্তর এর অর্ন্তগত নন-কমিউনিকেবল ডিজিজ কন্ট্রোল প্রোগ্রাম এর আওতাধীন নন-কনভেনশনাল এনসিডি কম্পোনেন্ট এর মাধ্যমে সড়ক দূর্ঘটনা প্রতিরোধ কল্পে সড়ক নিরাপত্তা সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। দেশের ৬৪ টি জেলা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক/উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাদের তত্ত্বাবধানে এ বিষয়ে ০৩ (তিন) দিন ব্যাপি চিকিৎসক ও স্বাস্থ্য বিভাগের কর্মরত মাঠ পর্যায়ের কর্মীদের ট্রেনিং প্রোগ্রামের ব্যবস্থা করা হলে এবিষয়ে আরো সচেতনতা বৃদ্ধি পাবে।তিনি সড়ক দুর্ঘটনায় আহত ও নিহত ব্যক্তিদের তথ্যাবলী সম্পর্কিত CIPRB (Centre for Injury Prevention and Research Bangladesh) এর একটি বুকলেট উপস্থাপন পূর্বক যুগোপযোগী নীতিমালাপ্রণয়নের জন্য একটি কোর কমিটি গঠন করার বিষয়ে প্রস্তাব করেন।

১.৫. জনাব, মোঃ মোতাহার হোসেন সাজু, ডেপুটি অ্যাটর্নি জেনারেল,মহামান্য হাইকোট ডিভিশনবলেন,জনগনের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সরকারি ও বেসরকারি প্রেস ও ইলেকট্রনিক্স মিডিয়াগুলো দুর্ঘটনায় আহত রোগীদের জরুরী চিকিৎসা সেবা প্রদানের বিষয়ে ব্যাপক প্রচারনা চালাতে হবে।সরকারি ও বেসরকারি হাসপাতালসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ যাতে সড়ক দুর্ঘটনা আহত ব্যক্তিদের good Samaritan নীতি অনুসরণপূর্বক তা বাস্তবায়ন করে এবং বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষকর্তৃক তাদের চিকিৎসা সেবা নিশ্চিতকরনেদায়বদ্ধতা নিধারন করা যায় সে বিষয়ে নীতিমালায় উল্লেখ থাকতে হবে।তিনি গতানুগতিক নীতিমালা প্রণয়ন না করে পার্শবর্তী অন্যান্য দেশ যেমন ভারত, থাইল্যান্ড, সিঙ্গাপুর, মালয়েশিয়ার জরুরী স্বাস্থ্য সেবা সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে একটি যুগোপযোগি নীতিমালা প্রনয়নের উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও তিনি প্রতিটি জেলা ও উপজেলা পর্যায়ে প্রতিমাসে সড়ক দুর্ঘটনার বিষয়ে আর টি এ এর সমন্বয় সভার ব্যবস্থা করণ এবং পুলিশ ও দূর্ঘটনাস্থান থেকে প্রাপ্ত তথ্য প্রদানের নিমিত্ত রোগীসেবার জন্য সকল হাসপাতালে একটি হটলাইন চালু এবং জোরালো মনিটরিং ব্যবস্থার সংস্থানরেখে নীতিমালা প্রণয়ন করা যায় বলে মর্মে অভিমত ব্যক্ত করেন।

১.৬. উপসচিব (আইন অধিশাখা)স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন, মাননীয় হাইকোর্ট বিভাগের ০৫.০৯.২০১৬ তারিখের আদেশের প্রেক্ষিতে গৃহীত কার্যক্রম সম্পর্কে অর্থাৎ এ মন্ত্রনালয়াধীন সরকারি/বেসরকারি দপ্তর সংস্থার কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন আকারে অবহিত করার জন্য এবং নীতিমালার বিষয়ে প্রতিবেদন এফিডেভিট সহকারে মহামান্য হাইকোর্টে দাখিল করার নির্দেশনা রয়েছে মর্মে উল্লেখ করেন। অন্যথায় আদালত অবমাননার কার্যক্রম শুরু হতে পারে। তিনি সে প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে আগামী শুনানী তারিখের আগেই নীতিমালা প্রনয়নের অগ্রগতি প্রতিবেদন মহামান্য হাইকোর্টে দাখিলের অনুরোধ জানান।

২.০. **বিস্তারিত আলোচনান্তে সভার নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

২.১ যুগ্মসচিব (হাসপাতাল),স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নেতৃত্বেপরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, লাইন ডাইরেক্টর, এন.সি.ডি.সি স্বাস্থ্য অধিদপ্তর, সিনিয়র সহকারী সচিব, (হাসপাতাল-৩) এর সমন্বয়ে ৪(চার) সদস্য বিশিষ্ট কোর কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটিআগামী ১৫(পনের) কর্মদিবসের মধ্যে পার্শবর্তী দেশ সমূহ যথাঃ ভারত, থাইল্যান্ড, সিংগাপুর, মালয়েশিয়ার এ সংক্রান্ত নীতিমালা পর্যালোচনা করে সরকারি ও বেসরকারি হাসপাতাল সমূহের সড়ক দূর্ঘটনায় আহত ব্যক্তিদের জরুরী স্বাস্থ্যসেবা প্রদান সংক্রান্ত নীতিমালা প্রনয়ন করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১৬/০৩/২০১৭ খ্রিঃ
(মোঃ হাবিবুর রহমান খান)
অতিরিক্ত সচিব (হাসপাতাল)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.১৫৬.১১৬.০০.০০.০০৫.২০১১-৯২ তারিখঃ-১৬-০৩-২০১৭ খ্রিঃ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। যুগ্মসচিব (হাসপাতাল) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০২। উপসচিব, আইন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৩। জনাব, মোঃ মোতাহার হোসেন সাজু, বিজ্ঞ ডি এ জি, কক্ষ নং-৩০৬, অ্যাটর্নি জেনারেল ভবন, বাংলাদেশ সুপ্রিম কোর্টপ্রাঙ্গন, ঢাকা।
০৪। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫। লাইন ডাইরেক্টর, এন.সি.ডি.সি স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতিঃ

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ) ।
০৫। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
০৬। যুগ্মসচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৬/০৩/১৭

(এস.এম.জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৯১৯২
E-mail: sashosp3@mohfw.gov.bd